ভোট-পরবর্তী রাজনৈতিক উত্তাপে পশ্চিমবঙ্গে দফায় দফায় সহিংসতা



সংগৃহীত ছবি

পূর্ব মেদিনীপুরের খেজুরি এলাকায় একাধিক দোকানে অগ্নিসংযোগ ও ভাঙচুরের ঘটনায় নতুন করে উত্তেজনা ছড়িয়েছে। হিজলি শরিফ এলাকার নিচকাসবা গ্রাম পঞ্চায়েতে ঘটনাটি ঘটে।

ঘটনার পর স্থানীয়দের মধ্যে আতঙ্ক তৈরি হয়। অভিযোগ, গভীর রাতে একাধিক দোকানে আগুন লাগানো হলে মুহূর্তেই পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। বহু ব্যবসা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়।

এ ঘটনাকে ঘিরে রাজনৈতিক অঙ্গনে তীব্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক ব্যানার্জি সামাজিক মাধ্যমে বিজেপির বিরুদ্ধে কড়া অবস্থান নেন এবং এটিকে ঘৃণার রাজনীতির ফল বলে মন্তব্য করেন।

অন্যদিকে বিজেপি এসব অভিযোগ অস্বীকার করেছে। তাদের দাবি, ঘটনাকে রাজনৈতিকভাবে ব্যবহার করে বিভ্রান্তি ছড়ানো হচ্ছে। প্রকৃত ঘটনা জানতে নিরপেক্ষ তদন্ত প্রয়োজন বলে দলটির অবস্থান।

এদিকে ভারত-বাংলাদেশ সম্পর্ক নিয়েও নতুন করে কূটনৈতিক আলোচনা সামনে এসেছে। অবৈধ অভিবাসন ও প্রত্যাবাসন ইস্যুতে দিল্লি দীর্ঘদিনের অনিষ্পন্ন বিষয়গুলো আবারও উত্থাপন করেছে।

বিশ্লেষকদের মতে, পশ্চিমবঙ্গের অভ্যন্তরীণ উত্তেজনা ও সীমান্তসংক্রান্ত কূটনৈতিক ইস্যু একসঙ্গে দক্ষিণ এশিয়ার রাজনৈতিক পরিবেশে নতুন চাপ তৈরি করছে।